23 FEB 1991

তারিখ 23 FEB 1991
পৃষ্ঠা ২ কলাম ২

দৈনিক বাংলা

20

# রাজশাহী ভার্সিটিতে অনার্সে ভর্তি ঃ ৩ হাজার সীটে ৩৪ হাজার প্রার্থী

।। বিশ্ববিদ্যালয় সংবাদদাতা ।।

রাজশাহী, ২২শে ফেব্রুয়ারী।—রাজশাহী বিশ্ববিদ্যালয় প্রথম বর্ষ অনার্স কোর্সে ভর্তির জন্য ৩ হাজার আসনে ৩৪ হাজার প্রার্থী হয়েছেন। গত ২০শে ফেব্রুয়ারী ছিল আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ।

ভর্তি প্রার্থীদের মধ্যে কলা অনুষদে ৫ হাজার ৯২০ জন, জীব ও ভূ-বিভাগ অনুষদে ৩৬৬৮ জন, সামাজিক বিভাগ অনুষদে ৭৪৭৯ জন,

(৪–এর পৃঃ ২–এর কঃ দ্রঃ)

## রাজশাহী ভার্সিটিতে

(প্রথম পৃষ্ঠার পর)

আইন অনুষদে ৪৩০০, বাণিজ্য বিভাগে ৪৩০০ ও বিজ্ঞান অনুষদে ৮৩০০ জন।

বিশ্ববিদ্যালয়ে চলতি শিক্ষা বছর থেকে ফার্মেসী বিভাগ চালু হচ্ছে। এ বছর মাত্র ১০টি আসনে ছাত্র ভর্তি করা হবে।

উল্লেখ্য, বর্তমানে বিশ্ববিদ্যালয়ে ৩৯টি বিভাগ রয়েছে।

আগামী ৪ঠা মার্চ থেকে ভর্তি পরীক্ষা শুরু হবে।